

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
খাদ্য অধিদপ্তর
চলাচল পরিকল্পনা রেল ও সড়ক শাখা
১৬, আব্দুল গণি রোড, ঢাকা-১০০০।
www.dgfood.gov.bd

স্মারক নম্বর: ১৩.০১.০০০০.০৮১.৫০.০১৪.২২.২০৯২

তারিখ: ৩০ জ্যৈষ্ঠ ১৪৩১ বঙ্গাব্দ
১৩ জুন ২০২৪ খ্রিস্টাব্দ

বিষয়: মোংলা বন্দরে আগতব্য MV PROTECTOR ST RAPHAEL জাহাজ হতে সড়ক ও নৌপথে মোট ২১৮০১.২০০ (+/-) মে.টন গমের চলাচল সূচি (সূচি নং-৯৮)

সূত্র: ১। চলাচল ও সংরক্ষণ নিয়ন্ত্রক, খুলনা ১১-০৬-২০২৪ খ্রি. ১৩.১৭.০০০০.০০৫.৫০.০০১.২৩-২৪৯৯ নং স্মারক
২। আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রক, বরিশাল ১১-০৬-২০২৪ খ্রি. ১৩.০১.০০০০.০০০.৫০.০১৩.১৮.১০৯৩ নং স্মারক

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, নগদে ক্রয়কৃত চুক্তি নং-জি টু জি-০২; তারিখ: ২৪-০৩-২০২৪ খ্রি. এর বিপরীতে রাশিয়া হতে ২১৮০১.২০০ মে.টন ঢালা গম নিয়ে MV. PROTECTOR ST RAPHAEL নামীয় একখানা জাহাজ আগমী ২০-০৬-২০২৪ খ্রি. তারিখে মোংলা বন্দরে আগমন করবে। আগত জাহাজের গম বার্জ/কার্গোতে খালাস করে দেশের বিভিন্ন কেন্দ্রের প্রেরণের লক্ষ্যে চলাচল সূচি জারির জন্য চলাচল ও সংরক্ষণ নিয়ন্ত্রক, খুলনা কর্তৃক সূত্রস্থ স্মারকে অনুরোধ করা হয়েছে।

তৎপ্রেক্ষিতে মোংলা বন্দরে আগতব্য MV. PROTECTOR ST RAPHAEL জাহাজের গম দুত খালাসের লক্ষ্যে সাশ্রয়ী রুটে খুলনা বিভাগ, বরিশাল বিভাগ ও ঢাকা বিভাগের বৃহত্তর ফরিদপুর জেলার স্থাপনাসমূহে খালি জায়গা বিবেচনায় নিয়োক্তভাবে সড়ক ও নৌপথে মোট ১৩৮০০ মে.টন বস্তাবন্দি গমের চলাচলসূচি নিরোক্ত নির্দেশনাসমূহ যথাযথভাবে পরিপালনের শর্তে জারি করা হলো। উল্লেখ্য নিয়ন্ত্রণ বর্হিত কারণে জারিকৃত চলাচল সূচি সড়ক পথের অংশ প্রাপক কেন্দ্রে পরিবহণ করা সম্ভব না হলে সাশ্রয়ী রুট বিবেচনায় ৪ নং/৭ নং/মহেশ্বরপাশা ঘাটের মাধ্যমে নিকটস্থ খুলনা সিএসডি/মহেশ্বরপাশা সিএসডিতে উত্তোলন করা যাবে। তবে সেক্ষেত্রে অবশ্যই সূচি পরিচালক, চলাচল, সংরক্ষণ ও সাইলো বিভাগকে অবহিত করতে হবে কিংবা যৌক্তিক বিশ্লেষণপূর্বক ভূতাপেক্ষ অনুমোদনের প্রস্তাব এ দপ্তরে প্রেরণ করতে হবে। উক্ত সূচির ৪ নং/৭ নং/মহেশ্বরপাশা ঘাটের মাধ্যমে খালাস কার্যক্রম চলমান থাকা অবস্থায় আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রক, খুলনা/জেলা খাদ্য নিয়ন্ত্রক, খুলনা এর চাহিদা বিবেচনায় ঘাটসমূহ হতে গম সরাসরি চাহিত কেন্দ্র/কেন্দ্রসমূহে প্রেরণ করা যাবে।

মোংলা বন্দর হতে খুলনা বিভাগ, বরিশাল বিভাগ ও বৃহত্তর ফরিদপুর জেলায় গমের চলাচল সূচি :

ক্র. নং	প্রেরণ কেন্দ্র	মাধ্যম	প্রাপক জেলা	প্রাপক কেন্দ্র	পরিমাণ (মে.টন)	পণ্য	রুট	মন্তব্য
১.	মোংলা বন্দর (MV. PROTECTOR ST RAPHAEL জাহাজ)	-	বরিশাল	বরিশাল এলএসডি	৩০০	বস্তাবন্দি গম	মৌ ও সড়ক পথ	চসনি, খুলনা ব্যয় কম বিবেচনায় উপসূচি জারি করবেন
২.	ঞ্চ	-	পিরোজপুর	পিরোজপুর এলএসডি	৩০০	ঞ্চ	ঞ্চ	
৩.	ঞ্চ	৪ নং/৭ নং/ মহেশ্বরপাশা ঘাট, খুলনা	রাজবাড়ী	রাজবাড়ী এলএসডি	২০০	ঞ্চ	ঞ্চ	
৪.	ঞ্চ	ঞ্চ	মাদারীপুর	মাদারীপুর এলএসডি	৩০০	ঞ্চ	ঞ্চ	
৫.	ঞ্চ	ঞ্চ	ঞ্চ	টেকেরহাট এলএসডি	৩০০	ঞ্চ	ঞ্চ	
৬.	ঞ্চ	ঞ্চ	কুষ্টিয়া	কুষ্টিয়া এলএসডি	২০০	ঞ্চ	ঞ্চ	
৭.	ঞ্চ	ঞ্চ	খুলনা	খুলনা সিএসডি	৫৯০০	ঞ্চ	ঞ্চ	
৮.	ঞ্চ	মহেশ্বরপাশা ঘাট, খুলনা	ঞ্চ	মহেশ্বরপাশা সিএসডি	৬৩০০	ঞ্চ	ঞ্চ	

					মোট=	১৩৮০০			
--	--	--	--	--	------	-------	--	--	--

উক্ত জাহাজের অবশিষ্ট ৮০০১.২০০ (+/-) মেটন ঢালা গম চুক্তি মোতাবেক সরবরাহকারী এবং সংশ্লিষ্ট শিপিং এজেন্ট মোংলা সাইলোতে খালাসের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন।

নির্দেশনাসমূহ:

১। খাদ্যশস্য ও খাদ্য দ্রব্যের চলাচল সূচি প্রণয়ন নীতিমালা, ২০০৮ অনুযায়ী খাদ্যশস্য পরিবহণ কার্যক্রম সম্পাদন করতে হবে।

২। চলাচল ও সংরক্ষণ নিয়ন্ত্রক, খুলনা প্রেরক হিসাবে কার্য সম্পাদন করবেন;

৩। মহাপরিচালক, খাদ্য অধিদপ্তর স্বাক্ষরিত ০৮-০৬-২০২০ খ্রি. তারিখের ১৩.০১.০০০০.০৮১.৩২.০০০.১৭-৫২৬ নং স্মারকে জারিকৃত নির্দেশনা মোতাবেক Movement Software এর মাধ্যমে আবশ্যিকভাবে আখানি/চসনি/জেখানি প্রযোজ্য ক্ষেত্রে সূচির এলএসডি/সিএসডি'র ত্রুমানুযায়ী উপ-সূচি জারি করবেন এবং অত্র দপ্তরে উক্ত উপ-সূচির কপি/অনুলিপি প্রেরণ করবেন।

৪। কীট আক্রান্ত কোন খাদ্যশস্য প্রেরণ করা যাবে না।

৫। খাদ্যশস্য প্রেরণ ও প্রাপ্তি বিষয়ে প্রেরণ কেন্দ্রের নিয়ন্ত্রণকারী কর্মকর্তা ভি-ইনভয়েস মনিটরিং করবেন। প্রাপ্তি ইনভয়েস যথাসময়ে ফেরত পাঠাতে হবে এবং এ বিষয়ে আখানি, জেখানি, সাইলো অধীক্ষক, চলাচল ও সংরক্ষণ নিয়ন্ত্রক ও সংশ্লিষ্ট কর্মকর্তাগণ সজাগ দৃষ্টি রাখবেন। উল্লেখ্য, সূচির আওতায় প্রেরিত খাদ্যশস্য প্রাপক কেন্দ্র কর্তৃক প্রাপ্ত হলে ইনভয়েস ফেরত বিলম্বিত হওয়ার কারণেই পরিবাহিত খাদ্যশস্য পথখাতে প্রদর্শন করা যাবে না।

৬। ভি-ইনভয়েসে গমের গুণগতমান ও ধরণ সম্পর্কে সুস্পষ্টভাবে উল্লেখ করতে হবে।

৭। সূচির মেয়াদ শেষ হওয়ার পরই অবিলম্বে প্রেরক কেন্দ্র থেকে ঠিকাদারভিত্তিক প্রেরণ বিবরণী প্রস্তুতপূর্বক ফ্যাক্স/ দাপ্তরিক ই-মেইল যোগে অধিদপ্তরে চলাচল, সংরক্ষণ ও সাইলো বিভাগে প্রেরণ করতে হবে।

৮। প্রেরিত নমুনা অনুযায়ী প্রাপকগণ খাদ্যশস্য বুঝে নিবেন এবং সূচি ঠিকাদারভিত্তিক প্রাপ্তি বিবরণী (জেলা খাদ্য নিয়ন্ত্রক প্রতিস্বাক্ষরিত) দাপ্তরিক ই-মেইল যোগে অধিদপ্তরে প্রেরণ করবেন।

৯। আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রকগণ এই সূচি অফিসিয়াল ফেসবুক পেজ/ওয়েবসাইটে আপলোড করার পাশাপাশি সংশ্লিষ্ট অধীনস্ত জেলা খাদ্য নিয়ন্ত্রক ও ব্যবস্থাপক/এসএন্ডএমও/ভারপ্রাপ্ত কর্মকর্তাগণকে অনুলিপি দিয়ে অবহিত করবেন।

১০। সূচির মেয়াদ আগামী ২৪-০৬-২০২৪ খ্রি. পর্যন্ত বলবৎ থাকবে। নির্ধারিত মেয়াদের পর গম পরিবহণ অবশিষ্ট থাকলে উক্ত উপসূচি উন্মুক্ত করে আগ্রহী ঠিকাদারের মাধ্যমে পরিবহণ করা হবে।

১১। সূচির নির্ধারিত মেয়াদের মধ্যে ঠিকাদার খাদ্যশস্য পরিবহণে ব্যর্থ হলে প্রশাসনিক ব্যবস্থা গ্রহণ করা হবে।

এতে যথাযথ কর্তৃপক্ষের অনুমোদন রয়েছে।

পুস্তক

১৩-০৬-২০২৪

মোঃ এহসানুল হক

সহকারী খাদ্য নিয়ন্ত্রক

বিতরণ (জ্যোষ্ঠার ক্রমানুসারে নয়):

- আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রক, আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রকের কার্যালয়, খুলনা বিভাগ, খুলনা, আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রকের কার্যালয়, খুলনা;
- জেলা খাদ্য নিয়ন্ত্রক, খুলনা এবং
- চলাচল ও সংরক্ষণ নিয়ন্ত্রক, খুলনা।

স্মারক নম্বর:

তারিখ: ৩০ জ্যোষ্ঠ ১৪৩১ বঙ্গাব্দ
১৩ জুন ২০২৪ খ্রিস্টাব্দ

সদয় জ্ঞাতার্থে/জ্ঞাতার্থে (জ্যোষ্ঠার ক্রমানুসারে নয়):

- অতিরিক্ত মহাপরিচালক, অতিরিক্ত মহাপরিচালকের দপ্তর, খাদ্য অধিদপ্তর;
- পরিচালক (চলতি দায়িত্ব), হিসাব ও অর্থ বিভাগ, খাদ্য অধিদপ্তর;
- পরিচালক (চলতি দায়িত্ব), সংগ্রহ বিভাগ, খাদ্য অধিদপ্তর;
- আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রক, ঢাকা/বরিশাল;
- সাইলো অধীক্ষকের কার্যালয়, মোংলা সাইলো বাগেরহাট;
- সিস্টেম এনালিস্ট, কম্পিউটার নেটওয়ার্ক ইউনিট, খাদ্য অধিদপ্তর (খাদ্য অধিদপ্তরের ওয়েব সাইটে প্রকাশের অনুরোধ করা হলো);
- জেলা খাদ্য নিয়ন্ত্রক;
- মহাপরিচালকের একান্ত সচিব, মহাপরিচালকের দপ্তর, খাদ্য অধিদপ্তর (মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য) এবং
- ব্যবস্থাপক সিএসডি।



পুস্তক

১৩-০৬-২০২৪

মোঃ এহসানুল হক

সহকারী খাদ্য নিয়ন্ত্রক